

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৩৯

১/ বিবিধ

আরবী

يُوْم يَكْشِفُ عَنْ سَاقٍ "، قَالَ: عَنْ نَزْرٍ عَظِيمٍ يَخْرُونَ لِهِ سُجْدًا
مُنْكَرٌ

أخرجه أبو يعلى في "مسنده" (4/1751) والبيهقي في "الأسماء والصفات" (ص 347 - 348) عن روح بن جناح عن مولى عمر بن عبد العزيز عن أبي بردة بن أبي موسى عن أبيه عن النبي صلى الله عليه وسلم في قوله تعالى: "يُوْم يَكْشِفُ عَنْ سَاقٍ قلت: وهذا سند واه جدا، مولى عمر بن عبد العزيز مجهول، وروح بن جناح قال الحافظ: "ضعيف اتهمه ابن حبان

وقال في "الفتح" (8/538) : "أخرجه أبو يعلى بسند فيه ضعف ولا يخفى ما في هذا التعبير من التساهل في تليين الضعف! وأبعد منه عن الصواب قول الهيثمي في "المجمع" (7/128) : "رواه أبو يعلى، وفيه روح بن جناح وثقة دحيم وقال فيه: ليس بالقوي وبقية رجاله ثقات

وذلك لأن في بقية ذلك المولى المجهول، فمن أين لتلك البقية الثقة؟ وقد صح في تفسير هذه الآية خلاف هذا الحديث المنكر بلفظ: يكشف ربنا عن ساقه فيسجد له كل مؤمن ومؤمنة.." الحديث وهو مخرج في "الصحيحه" برقم (583) ، فراجعه فيه بحث هام حول هذه الصفة وطعن الكوثري في ثقات رواتها والرد عليه وبيان بعده عن النقد العلمي النزيه

১৩৩৯। “(স্মরণ করো) যেদিন পায়ের নলা প্রকাশ করা হবে” তিনি বলেনঃ অর্থাৎ বড় নুর প্রকাশ করা হবে তখন তারা তার জন্য সাজদায় লুটিয়ে পড়বে।

হাদীসটি মুনকার।

হাদীসটি আবু ইয়ালা তার “মুসনাদ” গ্রন্থে (৪/১৭৫১) ও বাইহাকী “আল-আসমাউ অসমিফাত” গ্রন্থে (পৃঃ ৩৪৭-৩৪৮) রাওহ ইবনু জানাহ হতে, তিনি উমার ইবনু আব্দিল আয়ীয়ের মাওলা হতে, তিনি আবু বুরদাহ ইবনু আবী মূসা হতে, তিনি তার পিতা হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে আল্লাহর (يَوْمَ يُكْشَفُ عَنْ سَاقِ) এ বাণী সম্পর্কে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। উমার ইবনু আব্দিল আয়ীয়ের দাস মাজভল (অপরিচিত)। আর রাওহ ইবনু জানাহ সম্পর্কে হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি দুর্বল তাকে ইবনু হিবান মিথ্যা বর্ণনা করার দোষে দোষারোপ করেছেন।

হাফিয ইবনু হাজার “আল-ফাতহ” গ্রন্থে (৮/৫৩৮) বলেনঃ হাদীসটি আবু ইয়ালা দুর্বল সনদে বর্ণনা করেছেন।

কিন্তু তিনি তার এ কথার দ্বারা শিথিলতা প্রদর্শন করেছেন। এর চেয়ে সঠিক হতে আরো দূরবর্তী কথা হচ্ছে হায়সামী “আল-মাজমা” গ্রন্থে (৭/১২৮) যা বলেছেন তাঃ হাদীসটি আবু ইয়ালা বর্ণনা করেছেন, তার সনদে রাওহ ইবনু জানাহ রয়েছেন তাকে দাহীম নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন আর তিনি বলেছেনঃ তিনি শক্তিশালী নন, এছাড়া অন্যান্য বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য।

সঠিক থেকে দূরবর্তী এ কারণে যে, অন্যান্য বর্ণনাকারীগণের মধ্যে অপরিচিত (মাজভল) দাস রয়েছেন। অতএব কিভাবে অন্যান্য বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য! আর এ আয়াতের তাফসীরে সহীহ হাদীসে এ মুনকার হাদীসের বিপরীত তাফসীর নিম্নলিখিত ভাষায় বর্ণিত হয়েছেঃ

আমাদের প্রতিপালক তার পায়ের নলা প্রকাশ করবেন আর প্রত্যেক মু'মিন এবং মু'মিনাহ তাকে সিজদা করবে ...।

এ হাদীসটি "সিলসিলাহ সহীহাহ" গ্রন্থে নং (৫৮৩) উল্লেখ করেছি। আপনি সেটি পড়ুন কারণ সেখানে আল্লাহর এ সিফাত সম্পর্কে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়েছে। কাওসারী হাদীসটির নির্ভরযোগ্য বর্ণনাকারীদের ব্যাপারে সমালোচনা করেছেন, ফলে তার প্রতিবাদও করা হয়েছে।

হাদীসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72218>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন